প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ২৯টি প্রতিষ্ঠানকে ৪.৬৫ লক্ষ টাকা জরিমানা

১১ অক্টোবর ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, ময়মনসিংহ, শরীয়তপুর, কুষ্টিয়া, হবিগঞ্জ, সুনামগঞ্জ, ভোলা ও পটুয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব রজবী নাহার রজনী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মহাখালী এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কিশোরগঞ্জ স্টোর ও মল্লিকা এন্টারপ্রাইজকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **১৫,০০০/- (পনের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর গুলশান এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে ফার্মেসী-২৪ কে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা পশ্চিম এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে লাজ ফার্মা ও মি এন্ড মমকে যথাক্রমে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে এফ এফ সি রেস্টুরেন্টকে **২৭,০০০/- (সাতাশ হাজার)** টাকাসহ মোট **৭৭,০০০/- (সাতাত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের ডবলমুড়িং থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রামের খুলশী ও পাঁচলাইশ থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: শাহ আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫৮,০০০/- (আটান্ন হাজার)** টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়ার খোকসা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আল-আমিনের নেতৃত্বে হবিগঞ্জের শায়েস্তাগঞ্জ থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মুহাম্মদ মহিউদ্দিন মিরাজের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা এবং পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকাসহ মোট **২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আতিয়া সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কাবাব কারিগর এন্ড সুপ্যকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব রিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে নিউ মোঘল দরবারকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: শরীফুল ইসলাম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মায়া হোটেলকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬,২৫০/- (ছয় হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১২টি** বাজার তদারকির ও **২টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **২৯টি** প্রতিষ্ঠানকে মোট **৪,৬৫,০০০/- (চার লক্ষ পঁয়ষট্টি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৩ জন** অভিযোগকারীকে মং **১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ, শরীয়তপুর, কুষ্টিয়া, হবিগঞ্জ, সুনামগঞ্জ, ভোলা ও পটুয়াখালী।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ, শরীয়তপুর, কুষ্টিয়া, হবিগঞ্জ, সুনামগঞ্জ, ভোলা ও পটুয়াখালী।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।